

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬৬০

কাঞ্চনপুর, ১৪ নভেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা  
দশদা ব্লকে প্রস্তুতি সভা

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযান নিয়ে সম্প্রতি দশদা ব্লকে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন দশদা বিএসির চেয়ারম্যান উদারাম রিয়াং। সভায় উপস্থিত ছিলেন এমডিসি শৈলেন্দ্র নাথ, দশদা বিএসির ভাইস চেয়ারম্যান সঞ্জিত রিয়াং, বিডিও আমপুইয়া দার্লং ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে আগামী ২১ নভেম্বর থেকে ১৫ ডিসেম্বর পর্যন্ত প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে ভিলেজভিত্তিক বিকাশ শিবির অনুষ্ঠিত হবে। তাছাড়াও আগামী ১৯-২০ ডিসেম্বর ২ দিনব্যাপী দশদা ব্লকভিত্তিক সুশাসন শিবির অনুষ্ঠিত হবে।

\*\*\*\*\*